# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২২-২০২৩/১৪৬০ তারিখঃ ১৪-০৬-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ছেঁড়াফাটা ও ক্রুটিপূর্ণ নোট ব্যাংক শাখায় গ্রহণ এবং উহার বিনিময় মূল্য প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ১৪-০১-২০১৩ তারিখে পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে ৩০-০৯-২০২০ তারিখে জারীকৃত পরিপত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ছেঁড়ানোট/ ২০২০-২০২১/৫৩৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে নোটের মূল্য পরিশোধের ক্ষেত্রে Bangladesh Bank (Note Refund) Regulations-2012 এর বিধান মোতাবেক ছেঁড়াফাটা খন্ডিত ও ময়লাযুক্ত নোট গ্রহণ ও উহার বিনিময়মূল্য প্রদানের ক্ষেত্রে ব্যাংক শাখার করণীয় বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও জনসাধারণকে ছেঁড়া-ফাটা নোট বদল এবং ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক আকস্মিক পরিদর্শনকালে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় বিষয়টি যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না মর্মে অবহিত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, সকল শাখাসমুহকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনসাধারণের নিকট হতে বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট গ্রহণ এবং উহার বিনিময়মুল্য প্রদান, ধাতব মুদ্রা সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পুনরায় অনুরোধ করা হলো। এতদ্‌সংক্রান্ত নির্দেশনা শাখাসমুহে যথাযথ অনুসরণ ও পরিপালন করা হচ্ছে কিনা তা তদারকি করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
১৪/০৬/২৩
কে.এম.হাবিব-উন-নবী
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২২-২০২৩/ তারিখঃ ১৪-০৬-২০২৩ খ্রি ঃ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ/ আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ , বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

১৪/০৬/২০২৩
(জাহানারা রায়হানুল ফেরদৌসী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

F:Khalafot/Circular-2